# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২১০।

Web Site: www.bteb.gov.bd

## জুনিয়র সেকেন্ডারি (ভোকেশনাল) ও জুনিয়র দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের ষষ্ঠ-অষ্টম শ্রেণির ভর্তি নির্দেশিকা-২০২৭

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-এর অধিভুক্ত জেএস (ভোকেশনাল) ও জেডি (ভোকেশনাল) শিক্ষাক্রমে ২০২৭ শিক্ষাবর্ষে (৬ষ্ঠ,৭ম ও ৮ম) শ্রেণিতে সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানসমূহে শিক্ষার্থী ভর্তির জন্য এই নির্দেশিকা প্রযোজ্য হবে।

**১. ভূমিকা:**

কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ সম্প্রসারণ এবং তৃণমূল পর্যায়ে কারিগরি শিক্ষার সুযোগ সৃষ্টির লক্ষ্যে সরকার নিম্ন মাধ্যমিক পর্যায়ে (ভোকেশনাল শিক্ষাক্রম) ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণিতে ভর্তি কার্যক্রম চালুর সিদ্ধান্ত গ্রহণ করে। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে সাধারণ শিক্ষার পাশাপাশি একটি কারিগরি বিষয় অন্তর্ভুক্ত করে "জেএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম ২০১৮" প্রবর্তন করা হয়। প্রাথমিকভাবে এ শিক্ষাক্রমটি বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধিভুক্ত টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহে চালু করা হয়, যা ২০২১ শিক্ষাবর্ষ থেকে কার্যকর হয়।

পরবর্তীতে, সময়োপযোগিতা বিবেচনায় এবং মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ সম্প্রসারণের ধারাবাহিকতায় ২০২৪ সালে উক্ত শিক্ষাক্রমের নাম পরিবর্তন করে "প্রি-ভোকেশনাল শিক্ষাক্রম ২০২৪" নামে পুনঃপ্রবর্তন করা হয়। পাশাপাশি, এ শিক্ষাক্রমটি সরকারি ও বেসরকারি উভয় প্রতিষ্ঠানে চালুর সিদ্ধান্ত গৃহীত হয়, যার মাধ্যমে তৃণমূল পর্যায়ে কারিগরি শিক্ষার সম্প্রসারণের পথ আরও সুদৃঢ় হয়।

অবশেষে, কারিগরি শিক্ষা সেক্টরের ক্রমবর্ধমান চাহিদা ও যুগোপযোগিতা বিবেচনায় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদনের প্রেক্ষিতে ২০২৫ সালে উক্ত শিক্ষাক্রমের নাম পরিবর্তন করে যথাক্রমে "জেএস (ভোকেশনাল)" ও "জেডি (ভোকেশনাল)" শিক্ষাক্রম হিসেবে পুনঃনামকরণ করা হয়।

**২. ভর্তির নিয়মাবলি:**

৬ষ্ঠ শ্রেণির জন্য:

২.১ কোনো অনুমোদিত বিদ্যালয়/মাদ্রাসা হতে প্রাথমিক শিক্ষা সমাপনী/ইবতেদায়ী শিক্ষা সমাপনী/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী জেএস (ভোকেশনাল) ও জেডি (ভোকেশনাল) শিক্ষাক্রমের ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তি হওয়ার জন্য যোগ্য হবে;

২.২ মোট আসনের চেয়ে ভর্তির আবেদন বেশি হলে লটারির মাধ্যমে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে;

২.৩ ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তির জন্য শিক্ষার্থীর বয়স ৩১-১২-২০২৬ খ্রি. তারিখে ১০-১৩ বছর। তবে ২য় শিফট ও বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে বয়সের ঊর্ধ্বসীমা শিথিলযোগ্য;

৭ম ও ৮ম শ্রেণির জন্য:

২.৪ কোনো অনুমোদিত বিদ্যালয়/মাদ্রাসা হতে প্রাথমিক শিক্ষা সমাপনী/ইবতেদায়ী শিক্ষা সমাপনী/সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ সাধারণ ও মাদ্রাসা শিক্ষা ধারার ৬ষ্ঠ ও ৭ম শ্রেণি উত্তীর্ণ শিক্ষার্থীরা জেএস (ভোকেশনাল) ও জেডি (ভোকেশনাল) শিক্ষাক্রমের শূন্য আসনে যথাক্রমে ৭ম ও ৮ম শ্রেণিতে ভর্তির জন্য আবেদন করতে পারবে। তবে ৭ম ও ৮ম শ্রেণিতে শূন্য আসনের অতিরিক্ত আবেদন পাওয়া গেলে ভর্তি পরীক্ষার মাধ্যমে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। এধরনের শিক্ষার্থী ৭ম ও ৮ম শ্রেণিতে ভর্তির সুযোগ পেলে কর্মমুখী প্রকৌশল শিক্ষা পাঠ্যসূচির শিখন ঘাটতি মেকআপ ক্লাসের মাধ্যমে সম্পাদন করবে।

**৩. শিক্ষাবর্ষ:** ০১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর পর্যন্ত।

**৪. ভর্তি কমিটি:**

৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণির ভর্তি কার্যক্রম পরিচালনার জন্য প্রতিষ্ঠান প্রধানকে সভাপতি করে বিভাগীয় প্রধান/সিনিয়র শিক্ষকবৃন্দের সমন্বয়ে ০৭ (সাত) সদস্যের একটি ভর্তি কমিটি গঠন করতে হবে।

৫. **ভর্তির আবেদন পদ্ধতি:**

৫.১ ভর্তির আবেদন ফরম সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অফিসে পাওয়া যাবে। এছাড়া বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা অধিদপ্তর/সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে;

৫.২ ভর্তির আবেদন ফরম বিতরণ ও জমার জন্য বিজ্ঞপ্তিতে সুস্পষ্ট তারিখ ও সময় উল্লেখ থাকতে হবে। তবে আবেদন ফরম বিতরণের জন্য ন্যূনতম ১৪ (চৌদ্দ) কার্যদিবস সময় দিতে হবে;

৫.৩ আবেদন ফরমে নির্ধারিত স্থানে আবেদনকারীর ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি আঠা দিয়ে সংযুক্ত করতে হবে;

৫.৪ আবেদন ফরম জমা দেওয়ার সময় ফরমের নিচের অংশ ক্রমিক নম্বর দিয়ে শিক্ষার্থীকে দিতে হবে, উক্ত ক্রমিক নম্বর সম্বলিত কপি লটারির কপি হিসেবে বিবেচিত হবে এবং উপরের অংশ কমপক্ষে তিন বছর সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

৬. **ভর্তির আবেদন ফরমের মূল্য ও ভর্তি ফি:**

ভর্তির আবেদন ফরম জমা নেয়ার সময় ১১০.০০ (একশত দশ মাত্র) টাকা গ্রহণ করা যাবে। **দরিদ্র, মেধাবী ও বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থী ভর্তিতে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহ উল্লিখিত ফি যতদূর সম্ভব মওকুফের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। সেশন চার্জসহ ভর্তি ফি শিক্ষা মন্ত্রণালয়/সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসারে নির্ধারণ করতে হবে।**

৭. **আসন সংখ্যা:** সরকারি প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে আসন সংখ্যা সংশ্লিষ্ট অধিদপ্তরের নির্দেশনা অনুসরণ করতে হবে।

৮. **আসন সংরক্ষণ:**

৮.১ মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার জন্য ৫% আসন সংরক্ষিত থাকবে। মুক্তিযোদ্ধা কোটা নির্ধারণের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রমাণপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে এবং ভর্তির সময় মূল কপি প্রদর্শন করতে হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির মুক্তিযোদ্ধা সনদ যথাযথভাবে যাচাই করে ভর্তি কার্যক্রম গ্রহণ করতে হবে। উক্ত আসনে ভর্তি প্রার্থী না পাওয়া গেলে প্রথম ০৩ শতাংশ সহোদর/সহোদরা এবং বাকি ০২ শতাংশ সাধারণ প্রার্থীদের মধ্য হতে যথানিয়মে পূরণ করতে হবে;

৮.২ শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এবং স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর সন্তানদের জন্য ২% আসনে (পছন্দক্রমে) শিক্ষার্থী ভর্তি করা যাবে, উক্ত আসনে ভর্তিপ্রার্থী না পাওয়া গেলে সাধারণ প্রার্থীদের মধ্য হতে যথানিয়মে পূরণ করতে হবে;

৮.৩ বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের শিক্ষার মূল ধারায় সম্পৃক্ত করার লক্ষ্যে ন্যূনতম যোগ্যতা থাকা সাপেক্ষে ভর্তির ক্ষেত্রে ২% কোটা সংরক্ষিত থাকবে। তবে এ ক্ষেত্রে প্রমাণস্বরূপ যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;

৮.৪ বদলিজনিত কারণে সরকারি কর্মকর্তা/কর্মচারীর সন্তানদের ভর্তির জন্য প্রতি শ্রেণি শাখায় মোট আসনের ২% অতিরিক্ত আসন সংরক্ষিত থাকবে;

৮.৫ প্রতিষ্ঠান সংলগ্ন ক্যাচমেন্ট এরিয়ার শিক্ষার্থীদের জন্য ৪০% কোটা সংরক্ষণ করতে হবে;

৮.৬ কোনো প্রতিষ্ঠানে আবেদনকারী শিক্ষার্থীর সহোদর/সহোদরা বা যমজ ভাই/বোন যদি পূর্ব থেকে অধ্যয়নরত থাকে সে সব সহোদর/সহোদরা বা যমজ ভাই/বোনের জন্য ৩% কোটা সংরক্ষণ করতে হবে;

৮.৭ সংরক্ষিত আসনসমূহে ভর্তি প্রার্থী না পাওয়া গেলে সাধারণ প্রার্থীদের মধ্য হতে যথানিয়মে পূরণ করতে হবে। কোনোক্রমেই আসন শূন্য রাখা যাবে না।

৯. **শিক্ষার্থী ভর্তি পদ্ধতি:**

৯.১ ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তি কার্যক্রম লটারির মাধ্যমে অনুষ্ঠিত হলে, ভর্তি কমিটির সদস্যবৃন্দ উপস্থিত অভিভাবকদের সম্মুখে লটারির কার্যক্রম পরিচালনা করবেন। লটারি কার্যক্রমে স্বচ্ছতা নিশ্চিত করতে হবে। লটারির মাধ্যমে নির্বাচিত শিক্ষার্থীর তালিকা প্রস্তুত করার পাশাপাশি শূন্য আসনের সমান সংখ্যক অপেক্ষমাণ তালিকাও প্রস্তুত রাখতে হবে। ভর্তি কমিটি কর্তৃক নির্ধারিত তারিখে নির্বাচিত শিক্ষার্থী ভর্তি না হলে অপেক্ষমাণ তালিকা থেকে ক্রমানুসারে ভর্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৯.২ ৭ম ও ৮ম শ্রেণিতে শূন্য আসনের অতিরিক্ত আবেদন পাওয়া গেলে ভর্তি পরীক্ষার মাধ্যমে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। ভর্তি কমিটি পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পন্ন করবে;

৯.৩ প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠান স্ব-স্ব ব্যবস্থাপনায় ভর্তির কার্যক্রম পরিচালনা করবে। ভর্তির কার্যক্রম সুষ্ঠুভাবে এবং স্বচ্ছতার সাথে সম্পন্ন করতে হবে। ভর্তির কার্যক্রম পরিচালনার জন্য শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ এক বা একাধিক উপকমিটি গঠন করতে পারবে;

৯.৪ ভর্তি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী প্রতিষ্ঠান প্রধানগণ নিজ নিজ প্রতিষ্ঠানে শূন্য আসনের সংখ্যা উল্লেখপূর্বক ভর্তি বিজ্ঞপ্তি প্রচার করবেন। এ ছাড়া ভর্তি কমিটি জাতীয়/স্থানীয় পত্রিকায়/প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া/ওয়েবসাইট ইত্যাদিতে বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা নেবেন।

১০. **ভর্তি সংক্রান্ত সময়সূচি:**

| কার্যক্রম | (প্রথম শিফ্‌ট ও দ্বিতীয় শিফ্‌ট) |
|---|---|
| আবেদনপত্র বিতরণ ও গ্রহণ | ১৫/১১/২০২৬ খ্রি. হতে ২২/১২/২০২৬ খ্রি. পর্যন্ত |
| | (সাপ্তাহিক ছুটি ও সরকারি ছুটি ব্যতীত) |
| লটারির মাধ্যমে নির্বাচিত শিক্ষার্থীর তালিকা প্রকাশ | ২৩/১২/২০২৬ খ্রি. |
| শিক্ষার্থী ভর্তি | ২৭/১২/২০২৬ খ্রি. হতে ৩১/১২/২০২৬ খ্রি. পর্যন্ত |
| বই বিতরণ ও ক্লাস আরম্ভ | ০৩/০১/২০২৭ খ্রি. |

(প্রকৌশলী অনিমেশ পাল)
পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন: ০২-৫৫০০৬৫২৩

স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০৩.৩২.০০১.১৪-৭৪৮(১৬) তারিখ: ০১-১১-২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল:

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, প্র/এ, ঢাকা-১২০৭।
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা ।
৪. মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
৫. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
৭. উপসচিব (কারিগরি-৩), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
৮. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. পরিচালক (সকল), আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, প্র/এ, ঢাকা-১২০৭।
১০. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।**(ভর্তি নির্দেশিকাটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**
১২. উপসচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩. উপপরীক্ষা নিয়ন্ত্রক (ভোকেশনাল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪. অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক ....., সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ।
১৫. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৬. সংরক্ষণ নথি।

(মোহাম্মদ গোলাম মহিউদ্দিন ভূঁইয়া)
বিশেষজ্ঞ (এসএসসি ভোকেশনাল)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন: ০২-৫৫০০৬৫৩৮

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

## জেএস (ভোকেশনাল) ও জেডি (ভোকেশনাল)শিক্ষাক্রম

## ২০২৭ শিক্ষাবর্ষ

## ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণিতে ভর্তির আবেদনপত্র

(স্কুল/মাদ্রাসার সনদ অনুসারে স্বহস্তে পূরণ করতে হবে)

১. **প্রার্থীর পূর্ণনাম:** (স্পষ্টাক্ষরে)
বাংলায় .....
ইংরেজিতে (বড় হাতের অক্ষরে)

২. জন্ম সনদ নম্বর:

৩. **পিতার নাম :** বাংলায় .....
ইংরেজিতে (বড় হাতের অক্ষরে)

৪. **মাতার নাম :** বাংলায় .....
ইংরেজিতে (বড় হাতের অক্ষরে)

৫. **পিতা/মাতা/অভিভাবকের মোবাইল নম্বর:**

৬. **অভিভাবকের নাম:** (পিতা-মাতার অবর্তমানে) .....

৭. **বর্তমান ঠিকানা:** .....
.....

৮. **স্থায়ী ঠিকানা :** .....
.....

৯. **জাতীয়তা:** ..... **জন্ম তারিখ:** (সনদপত্র অনুসারে)

| দিন | | মাস | | বছর | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

১০. **ধর্ম:** .....

১১. **যে স্কুল/মাদ্রাসা হতে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা/ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা পাস করেছে তার নাম ও ঠিকানা:**
.....
.....

১২. **টাকা প্রদানের রশিদ নং:**..... **তারিখ:**.....

১৩. **সংযোজনী:** ক. প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা/ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা পাশের নম্বরপত্রের সত্যায়িত/অনলাইন নম্বরপত্রের কপি।
খ. পাসপোর্ট আকারের ০২ (দুই) কপি সত্যায়িত ছবি।
গ. ফরম জমা বাবদ টাকা প্রদানের প্রাপ্ত মূল্য রশিদ।
ঘ. জন্ম নিবন্ধনের ফটোকপি।

**আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ**

অব্যাহত-২

শিক্ষা প্রতিষ্ঠানের সীলমোহর

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

**জেএস (ভোকেশনাল) ও জেডি (ভোকেশনাল)শিক্ষাক্রম**

**৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণিতে ভর্তি**

**২০২৭ শিক্ষাবর্ষ**

প্রথম শিফ্‌ট/দ্বিতীয় শিফ্‌ট

পাসপোর্ট আকারের এক কপি ছবি (আঠা দিয়ে লাগাতে হবে)

## শিক্ষার্থী কপি

**প্রার্থীর নাম:** .....

**পিতার নাম:** .....

**মাতার নাম:** .....

**আবেদন পত্রের ক্রমিক নং:** ..... **তারিখ:** .....

**আবেদনকারীর অঙ্গীকারনামা:**

এ মর্মে অঙ্গীকার করছি যে, ভর্তি হবার সুযোগ পেলে আমি অত্র শিক্ষা প্রতিষ্ঠান ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের যাবতীয় আইনকানুন মেনে চলব এবং কোন অবস্থাতেই অত্র শিক্ষা প্রতিষ্ঠান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এবং দেশের আইনের পরিপন্থি কোন কাজে লিপ্ত হব না।

.....

**পিতা/মাতা/অভিভাবকের সম্মতি সূচক স্বাক্ষর ও তারিখ**

.....

**আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ**

---

**(অফিস কর্তৃক পূরণীয়)**

৬ষ্ঠ/৭ম/৮ম শ্রেণিতে ভর্তি করা হলো

রোল নং-..... ।

**একাডেমিক ইন চার্জ**

**অধ্যক্ষ**